



ট্রাম্পের শান্তি পরিকল্পনায় ইতিবাচক সাড়া হামাসের, আলোচনায় আগ্রহ প্রকাশ



সংগৃহীত ছবি

মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের প্রস্তাবিত মধ্যপ্রাচ্য শান্তি পরিকল্পনায় আংশিক সম্মতি জানিয়েছে হামাস। গাজার শাসনভার নিরপেক্ষ প্রশাসনের কাছে হস্তান্তর ও জিম্মি বিনিময়ে রাজি হলেও নিরস্ত্রীকরণ ইস্যুতে এখনো সতর্ক অবস্থান নিয়েছে সংগঠনটি।

ফিলিস্তিনের স্বাধীনতাকামী সংগঠন হামাস অবশেষে ট্রাম্পের শান্তি প্রস্তাবে ইতিবাচক প্রতিক্রিয়া জানিয়েছে। সংগঠনটির পক্ষ থেকে বলা হয়েছে, যুক্তরাষ্ট্রের প্রস্তাবিত কিছু ধারা তারা আংশিকভাবে গ্রহণ করতে প্রস্তুত, বিশেষ করে গাজার প্রশাসনিক দায়িত্ব একটি নিরপেক্ষ সংস্থার হাতে তুলে দেওয়ার বিষয়ে।

হামাসের এক বিবৃতিতে জানানো হয়, ট্রাম্পের গাজা পরিকল্পনার অংশ হিসেবে তারা সব ইসরায়েলি জিম্মি—জীবিত কিংবা মৃত—মুক্তি দিতে প্রস্তুত। একই সঙ্গে, আলোচনাকে এগিয়ে নিতে আন্তর্জাতিক মধ্যস্থতাকারীদের উপস্থিতিতে দ্রুত সংলাপে অংশ নিতে আগ্রহ প্রকাশ করেছে সংগঠনটি।

তবে হামাস জানিয়েছে, নিরস্ত্রীকরণ এবং প্রতিরক্ষা কাঠামো সংক্রান্ত বিষয়গুলো অত্যন্ত সংবেদনশীল; তাই এই ইস্যুগুলোতে তারা এখনই কোনো চূড়ান্ত সিদ্ধান্ত দিচ্ছে না। বরং এসব বিষয়ে গভীর ও দীর্ঘমেয়াদি আলোচনা প্রয়োজন বলে মন্তব্য করেছে সংগঠনটি।

সংগঠনটি আরও বলেছে, গাজার ভবিষ্যৎ রাজনৈতিক কাঠামো, ফিলিস্তিনি জনগণের অধিকার ও আত্মনিয়ন্ত্রণের প্রশ্নেও তারা আন্তর্জাতিক অংশীদারদের সঙ্গে আলোচনা চালিয়ে যেতে আগ্রহী।

উল্লেখ্য, ট্রাম্পের প্রস্তাবিত শান্তি পরিকল্পনায় অন্তর্ভুক্ত রয়েছে তাৎক্ষণিক যুদ্ধবিরতি, জিম্মি বিনিময়, ধাপে ধাপে ইসরায়েলি সেনা প্রত্যাহার, হামাসের নিরস্ত্রীকরণ এবং আন্তর্জাতিক তত্ত্বাবধানে অন্তর্বর্তী প্রশাসন গঠন।